

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯০৭

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/২৫. নাবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর প্রতি দর্মদ পাঠ।

بَابِ الصَّلَاةِ عَلَى النَّبِيِّ عَلَى النَّبِيِّ عَلَى

আরবী

حَدَّثَنَا بَكْرُ بْنُ خَلَفٍ أَبُو بِشْنٍ، حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ، عَنْ شُعْبَةَ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللَّهِ، قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَامِرِ بْنِ رَبِيعَةَ، عَنْ أَبِيهِ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَا مِنْ مُسْلِمٍ يُصلِي عَلَىَّ إِلاَّ صلَّت عَلَيْهِ الْمَلائِكَةُ مَا صلَّى عَلَىَّ فَلْيُقِلَّ الْعَبْدُ مِنْ ذَلِكَ أَقْ لِيُكْثِرْ " .

বাংলা

৫/৯০৭। আমের ইবনু রবীআ (রহঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যখন কোন মুসলিম ব্যাক্তি আমার প্রতি দুরূদ পাঠ করে এবং যতক্ষণ সে আমার প্রতি দুরূদ পাঠরত থাকে, ততক্ষণ ফেরেশতাগণ তার জন্য দুআ করতে থাকেন। অতএব বান্দা চাইলে তার পরিমাণ (দরূদ পাঠ) কমাতেও পারে বা বাড়াতেও পারে।

English

It was narrated that 'Asim bin 'Ubaidullah said:

"I heard 'Abdullah bin 'Amir bin Rabi'ah narrating from his father that the Prophet (ﷺ) said: "There is no Muslim who sends peace and blessings upon me, but the angels will send peace and blessings upon him as long as he sends peace and blessings upon me. So let a person do a little of that or a lot."

ফুটনোট

তাহকীক আলবানী: হাসান। উক্ত হাদিসের রাবী আসিম বিন উবায়দুল্লাহ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার হাদিস দলীলযোগ্য নয় এবং তিনি দুর্বল। ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। মুহাম্মাদ বিন সা'দ



বলেন, তার দারা দলীল সাব্যস্ত করা যাবে না।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আমির ইবনু রাবী আহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন